শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ISO 9001:2015 CERTIFIED

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com,Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০৫.০১৬.২৩. ৬১৮৬

তারিখঃ ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।
০৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।

**পরিচালক**
পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর
বাপবিবো, ঢাকা।

**বিষয়- সেচ নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য।**
সূত্র : আপনার টেলিফোনিক নির্দেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পবিসের সেচ নীতিমালা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য নিম্নের ছকে উপস্থাপন করা হলোঃ

| ক্র. নং | বর্তমান সেচ নীতিমালা | অত্র পবিস কর্তৃক বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | সেচ কাজে দ্রুত বিদ্যুৎ সংযোগ ও পুনঃ সংযোগ প্রদান করতে হবে। | নতুন সেচ সংযোগ ও পুনঃ সেচ সংযোগের আবেদন প্রাপ্তির সাথে সাথে সংযোগের প্রয়োজনীয় ধাপ অনুসরণ পূর্বক দ্রুত নতুন সেচ সংযোগ ও পুনঃ সংযোগ প্রদান করা হচ্ছে। |
| ২. | বৈদ্যুতিক সেচ কার্যক্রমের জন্য আলাদা কোনো সেচ মৌসুম থাকবে না। স্থানীয় এলাকার প্রয়োজনীয়তার স্বার্থে সারাবছর ব্যাপি সেচ কাজ পরিচালিত হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ৩. | প্রতিটি সমিতিকে সেচ গ্রাহকদের পূর্ণাঙ্গ ঠিকানা ও মোবাইল নম্বরসহ সেচ পাম্পের শ্রেণীওয়ারী ও ক্যাপাসিটি ভিত্তিক তালিকা প্রণয়ণ পূর্বক তা সংরক্ষণ করতে হবে। | সেচ গ্রাহকদের পূর্ণাঙ্গ ঠিকানা ও মোবাইল নম্বর সংগ্রহ পূর্বক সংরক্ষণ করা হচ্ছে। |
| ৪. | উপজেলা সেচ কমিটির ছাড়পত্র এবং জমির মালিকানা নিশ্চিত হয়ে বিদ্যুৎ বিভাগের নির্দেশনার আলোকে দ্রুত নতুন সেচ সংযোগ প্রদান করতে হবে। | উক্ত নির্দেশনা প্রতিপালন করে দ্রুত সেচ সংযোগ প্রদান করা হচ্ছে। |
| ৫. | সেচ কমিটির অনুমোদন ব্যতিত বোরিং স্থান পরিবর্তন করা হলে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | বোরিং স্থান পরিবর্তন করলে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। |
| ৬. | কোনো কারণে সাময়িকভাবে গ্রাহকের সেচ সংযোগ বিচ্ছিন্ন থাকলে কেবলমাত্র সংযোগ বিচ্ছিন্ন অব্যবহিত পরবর্তী বছরে পুনঃ সংযোগের সময় নতুন করে উপজেলা সেচ কমিটির ছাড়পত্রের প্রয়োজন হবে না। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ৭. | সংযোগ প্রত্যাশি যে গ্রাহক উপজেলা সেচ কমিটির ছাড়পত্র আগে জমা প্রদান করবেন তিনি নতুন সেচ সংযোগের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। একইসাথে উপজেলা সেচ কমিটির ছাড়পত্র পল্লী বিদ্যুৎ সমিতিতে জমা হওয়ার সাথে সাথে সমিতির সদস্য সেবা কর্তৃক তা রেজিস্টারে এন্ট্রি পূর্বক ক্রম তৈরি করতে হবে এবং রেজিস্টারের করম অনুযায়ী দ্রুততার সাথে সংযোগ নিশ্চিত করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ৮. | কোনো কোনো এলাকায় ভূ-গর্বস্থ পানির লেয়ার নিচে নেমে যাওয়ার কারণে লোড বৃদ্ধির প্রয়োজন হলে অবশ্যই কমান্ডিং এরিয়ার মধ্যে উক্ত বিধিমালা অনুসরণ করে পবিসের জেনারেল ম্যানেজার লোড বৃদ্ধির অনুমোদন করতে পারবেন। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ৯. | বিএডিসি, বিএমডিএর ও বিআরডিবি-এর নিকট হতে যে সকল ডিমান্ড নোটের অর্থ গ্রহণ করা হয়েছে সেকল পাম্পের সংযোগ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার তৈরি পূর্বক সংযোগ প্রদান করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ১০. | নতুন বা পুরাতন সেচ গ্রাহকের জন্য স্থাপিত ট্রান্সফরমার হতে অন্য কোনো শ্রেণীর গ্রাহককে সংযোগ দেয়া যাবে না। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |

অঃপৃঃদ্রঃ

| | | |
|---|---|---|
| ১১. | সমিতির নির্মিত লাইন এবং ডিপোজিট ওয়ার্কের আওতায় এলটি/এইচটি লাইন হতে সেচ সংযোগ প্রদান করা যাবে তবে এলটি লাইন কনভার্শন বা পুশ পোল স্থাপনের প্রয়োজন হলে নির্মাণ ব্যয় গ্রহণ সাপেক্ষে পবিস কর্তৃক ডিপোজিট ওয়ার্কের আওতায় তা তৈরি করা যেতে পারে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ১২. | আবেদনপ্রাপ্ত নতুন সেচ সংযোগের ক্ষেত্রে ৫০ কিঃওঃ পর্যন্ত লোডের প্রয়োজনীয় ট্রান্সফরমার, সার্ভিস ড্রপ (১৩০ ফুট) ও মিটার বিনা মূল্যে সরবরাহ করতে হবে। | অফিস কর্তৃক বিনামূল্যে ট্রান্সফরমার সরবরাহ করা হচ্ছে। |
| ১৩. | গত ১৮/১২/২২ খ্রিঃ তারিখের পূর্বের আবেদনের ক্ষেত্রে পূর্বের সেচ নীতিমালা প্রযোজ্য হবে। সেকল আবেদনের বিপরীতে ডিপোজিট ওয়ার্কের আওতায় ০৩ স্প্যানের অধিক লাইন নির্মাণের বিষয়ে পূর্বের সেচ নীতিমালা প্রযোজ্য হবে। এক্ষেত্রে বাপবোর্ডের অনুমোদন প্রয়োজন নাই। ০৩ স্প্যানের অধিক ডিপোজিট ওয়ার্কের আওতায় লাইন নির্মাণের ক্ষেত্রে বর্তমান নীতিমালা জারির পর ও পূর্বের যেসকল আবেদন পবিস কর্তৃক এখনো ডিমান্ড নোট ইস্যু হয়নি কেবল সে সকল আবেদনের বিপরীতে বাপবিবোর্ডের অনুমোদনের জন্য স্ব-স্ব পবিস মনিটরিং ও ব্যঃ পঃ পরিদপ্তরে উক্ত আবেদনসমূহ প্রেরণ করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ১৪. | বিএডিসি, বিএমডিএর ও বিআরডিবিসহ এ সকল প্রতিষ্ঠানের বিপরীতে প্রয়োজনীয় বৈদ্যুতিক লাইন নির্মাণের প্রয়োজন হলে উক্ত প্রতিষ্ঠানসমূহের অর্থায়নে পবিস কর্তৃক ডিপোজিট ওয়ার্কের নীতিমালায় উক্ত লাইন নির্মাণ সম্পন্ন করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ১৫. | সেচ মৌসুম চলাকালীন সেচ গ্রাহকের ট্রান্সফরমার চুরি হলে ২৪ ঘন্টার মধ্যে তা প্রতিস্থাপন করতে হবে। এক্ষেত্রে গ্রাহক কর্তৃক ট্রান্সফরমারের মূল্য আদায়যোগ্য। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ১৬. | সংযোগকৃত সেচ সংযোগে সঠিক মানের ক্যাপাসিটর স্থাপনপূর্বক যথাযথ পাওয়ার ফ্যাক্টর মান নিশ্চিত হয়ে পুনঃসংযোগ প্রদান করতে হবে। | নির্দেশনা অনুযায়ী পাওয়ার ফ্যাক্টরের মান নিশ্চিত হয়ে পুনঃসংযোগ প্রদান করা হচ্ছে। |
| ১৭. | নতুন সেচ সংযোগের ক্ষেত্রে বিনামূল্যে মিটার ও সকেট সরবরাহ করতে হবে। | বিনামূল্যে মিটার ও সকেট সরবরাহ করা হয়। |
| ১৮. | প্রাকৃতিক কারণে মিটার নষ্ট হলে পবিস কর্তৃক মিটার সরবরাহ করতে হবে। | পবিস কর্তৃক মিটার সরবরাহ করা হয়। |
| ১৯. | বিএডিসি, বিএমডিএর ও বিআরডিবিসহ এ সকল প্রতিষ্ঠানের নিকট হতে মিটারের মূল্য গ্রহণ সাপেক্ষ্যে পবিস কর্তৃক মিটার সরবরাহ করতে হবে। | বর্ণিত নির্দেশনা অনুসরণ করা হচ্ছে। |
| ২০. | বিএডিসি, বিএমডিএর ও বিআরডিবিসহ এ সকল প্রতিষ্ঠানের বৈদ্যুতিক লাইন ও স্থাপিত ট্রান্সফরমার নষ্ট/চুরি হলে উক্ত প্রতিষ্ঠানসমূহকে তা প্রতিস্থাপন করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ২১. | সেচ খাতে পল্লী বিদ্যুৎ সমিতির বা গ্রাহকের ট্রান্সফরমার ও বৈদ্যুতিক লাইন প্রাকৃতিক কারণে নষ্ট হলে পবিস সকল ক্ষেত্রে বিনামূল্যে তা সরবরাহ করবে এবং বিনামূল্যে ক্ষতিগ্রস্থ ট্রান্সফরমার মেরামত করে দিতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ২২. | গ্রাহকের হস্তক্ষেপে ট্রান্সফরমার নষ্ট হলে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং গ্রাহক কর্তৃক শতভাগ ট্রান্সফরমারের মূল্য পরিশোধ করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ২৩. | সমিতির সরবরাহকৃত ট্রান্সফরমার চুরি হলে প্রথমবার চুরিকৃত ট্রানসফরমারের মূল্য গ্রাহক পরিশোধ করবে। ২য় বার বা পরবর্তী সময়ে যতবারই ট্রান্সফরমার চুরি হবে ততবারই গ্রাহককে ট্রান্সফরমার ক্রয় বা ট্রান্সফরমারের মূল্য ১০০% পরিশোধ করতে হবে তবে গ্রাহকের ক্রয়কৃত ট্রান্সফরমার চুরি হলে একই সাইজের ট্রান্সফরমার গ্রাহককে সরবরাহ করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ২৪. | সেচ মৌসুমে সেচ সংক্রান্ত অভিযোগসমূহ গ্রহণ এবং তা দুত নিষ্পত্তির জন্য পবিস সেচ নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে এবং নিয়ন্ত্রণ কক্ষে ২৪ ঘন্টা সমিতির লোকবল দ্বারা দায়িত্ব পালনের বিষয়টি নিশ্চিত করতে হবে। | বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। |
| ২৫. | পবিসের সেচ কার্যক্রমের যাবতীয় তথ্যাদি সংরক্ষণ ও সুপারিশ প্রণয়ণসহ সার্বিক বিষয়ে এজিএম এমএস-কে পবিসের ফোকাল পয়েন্ট কর্মিকর্তা নিযুক্ত করতে হবে। | এজিএম এমএস-কে পবিসের ফোকাল পয়েন্ট কর্মিকর্তা নিযুক্ত করা হয়েছে। |

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

২৫/০৭/২০২৬

**(মোঃ মজিবুল হক)**
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।